গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.২১.০৩২.১৩- ১৫৫ তারিখ ঃ ৭/০৩/২০১৮খ্রিঃ

বিষয় ঃ স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদ্‌যাপন উপলক্ষে ২২-৩-২০১৮খ্রিঃ তারিখ ঢাকা কেন্দ্রীক শহরময় বর্ণাঢ্য শোভাযাত্রায় অংশগ্রহণ এবং এ উপলক্ষে জেলা-উপজেলা পর্যায়ে গৃহিতব্য কর্মসূচি বাস্তবায়ন প্রসংগে।

সূত্রঃ স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০১২.২০১৫-৩২৯/১(১৫), তারিখঃ২৫ ফেব্রুয়ারি ২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদ্‌যাপন উপলক্ষে আন্তঃমন্ত্রণালয় প্রস্তুতি সভার কার্যবিবরণী এসংগে সংযুক্ত করা হলো। (যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইট www.dyd. gov.bd।

০২। আগামী ১২-২৬ মার্চ,২০১৮ তারিখে জাতিসংঘের সিডিপি এর ত্রি-বার্ষিক সভায় বাংলাদেশ স্বল্পোন্নত দেশ হতে উত্তরণের জন্য প্রথমবারের মত সুপারিশ লাভ করবে-যা স্বাধীনতা পরবর্তী বাংলাদেশের উন্নয়নের একটি বড় অর্জন এবং মাননীয় প্রধানমন্ত্রীর প্রেক্ষিত পরিকল্পনা ও ভিশন ২০২১ এর সফল রূপায়ন। স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদ্‌যাপন উপলক্ষে ২২-৩-২০১৮খ্রিঃ তারিখ ঢাকাকেন্দ্রিক শহরময় বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন এবং আগামী ২০-২৫ মার্চ, ২০১৮ তারিখে বিভাগ/জেলা/উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ সেবা সপ্তাহ উদ্‌যাপন করবে।

০৩। স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদ্‌যাপন উপলক্ষে বাংলার ঐতিহ্য, সংস্কৃতি ও উন্নয়ন তুলে ধরে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/গুরুত্বপূর্ন সংস্থা কর্তৃক ঢাকা শহরের বিভিন্ন স্থান থেকে সুসজ্জিত বাদকদল/তারকা খেলোয়ার/অভিনেতাসহ/বিশিষ্ট ব্যক্তিবর্গ ও জনগণের অংশগ্রহনে ২২-৩-২০১৮খ্রিঃ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় বর্ণাঢ্য শোভাযাত্রা শুরু করে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে সমবেত হবে।

০৪। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের এবং অধীন দপ্তর/সংস্থাসমূহ সমবেত হওয়ার স্থান ও গঠিত শোভাযাত্রার গতিপথ নিম্নে প্রদত্ত হলো ঃ

স্থান ঃ সোহরাওয়ার্দী উদ্যান ও ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট সংলগ্ন এলাকা।

গতিপথ ঃ সোহরাওয়ার্দী উদ্যান - মৎস্য ভবন - কদম ফোয়ারা - আবদুল গণি রোড - জিপিও -বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের পশ্চিম গেইট।

০৫। জেলা-উপজেলা পর্যায়ে বাস্তবায়নযোগ্য আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত (৩),(৪), (৫),(৮),(৯) ও (১৪) স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ আন্তমন্ত্রণালয় প্রস্তুতি সভার কার্যবিবরণী ।

০৫/০৩/১৮
(আ,ন,আহম্মদ আলী)
পরিচালক(প্রশাসন ও অর্থ)
ফোন ঃ ৯৫৫০৮৬৩।

বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। পরিচালক/প্রকল্প পরিচালক,.................... (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। উপ-পরিচালক/কো-অর্ডিনেটর/অধ্যক্ষ....................(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর,......................জেলা।
০৩। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা। আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৪ ডেপুটি কো-অর্ডিনেটর............................(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর,......................জেলা।
০৫। সহকারি পরিচালক/হিসাব রক্ষন কর্মকর্তা/সহকারি প্রকৌশলী............(সকল),যুব উন্নয়ন অধিদপ্তর............
০৬ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,যুব উন্নয়ন অধিদপ্তর,..........................উপজেলা.................জেলা।
০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৮। সকল কর্মচারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ...........................................
০৯। অফিস কপি/গার্ড ফাইল।

সদয় অবগতির জন্য ঃ

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব,যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

M/H:\Transfar\admin-3.doc 30

ই-নথি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

বিষয়ঃ স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে আন্তঃমন্ত্রণালয় প্রস্তুতি সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | আবদুল মালেক, সচিব, স্থানীয় সরকার বিভাগ |
| সভার তারিখ ও সময় | ঃ | ২২/০২/২০১৮ খ্রিঃ, বিকাল ০৩.০০ টায় |
| সভার স্থান | ঃ | স্থানীয় সরকার বিভাগের সভাকক্ষ (কক্ষ নং-৬০১, ভবন-৭, বাংলাদেশ সচিবালয়) |
| উপস্থিতির তালিকা | ঃ | পরিশিষ্ট-ক |

সভার শুরুতে সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপনের প্রেক্ষাপট তুলে ধরার জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রতিনিধিকে অনুরোধ জানান। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রতিনিধি জানান আগামী ১২-১৬ মার্চ, ২০১৮ তারিখে জাতিসংঘের সিডিপি-এর ত্রি-বার্ষিক সভায় বাংলাদেশ স্বল্পোন্নত দেশ হতে উত্তরণের জন্য প্রথমবারের মত সুপারিশ লাভ করবে যা স্বাধীনতা পরবর্তী বাংলাদেশের উন্নয়নের একটি বড় অর্জন এবং মাননীয় প্রধানমন্ত্রীর প্রেক্ষিত পরিকল্পনা ও ভিশন ২০২১ এর সফল রূপায়ন। স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে ২২/০৩/২০১৮ তারিখ ঢাকা কেন্দ্রীক শহরময় বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন স্থানীয় সরকার বিভাগের উপর ন্যাস্ত করা হয়েছে। এ ছাড়া আগামী ২০-২৫ মার্চ, ২০১৮ তারিখে বিভাগ/জেলা/উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ সেবা সপ্তাহ উদযাপন করবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনায় শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তসমূহঃ

(১) স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের ঐতিহাসিক সাফল্য উদযাপন উপলক্ষে বাংলার ঐতিহ্য, সংস্কৃতি ও উন্নয়ন তুলে ধরে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/গুরুত্বপূর্ণ সংস্থা কর্তৃক ঢাকা শহরের বিভিন্ন স্থান থেকে সুসজ্জিত বাদকদল/তারকা খেলোয়ার/অভিনেতাসহ/বিশিষ্ট ব্যক্তিবর্গ ও জনগণের অংশগ্রহনে ২২/০৩/২০১৮ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় বর্ণাঢ্য শোভাযাত্রা শুরু করে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে সমবেত হবে। বাস্তবায়নেঃ সকল মন্ত্রণালয়/বিভাগ

(২) মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সমবেত হওয়ার স্থান ও শোভাযাত্রার গতিপথ নিম্নরূপঃ

| গ্রুপ | মন্ত্রণালয়/বিভাগের নাম | সমবেত হওয়ার স্থান ও শোভাযাত্রার গতিপথ |
|---|---|---|
| ক) | (১) প্রধানমন্ত্রীর কার্যালয়, (২) সেতু বিভাগ, (৩) প্রতিরক্ষা মন্ত্রণালয়, (৪) অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, (৫) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, (৬) পরিকল্পনা বিভাগ, (৭) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, (৮) বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, (৯) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং (৯) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। | স্থানঃ - বাংলা একাডেমী ও সংলগ্ন এলাকা।<br>গতিপথঃ - বাংলা একাডেমী- দোয়েল চত্বর-আবদুল গণি রোড-জিপিও- বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের পশ্চিম গেইট। |

| গ্রুপ | মন্ত্রণালয়/বিভাগের নাম | সমবেত হওয়ার স্থান ও শোভাযাত্রার গতিপথ |
|---|---|---|
| খ) | (১) মন্ত্রিপরিষদ বিভাগ, (২) জনপ্রশাসন মন্ত্রণালয়, (৩) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, (৪) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, (৫) কৃষি মন্ত্রণালয়, (৬) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, (৭) বাণিজ্য মন্ত্রণালয়, (৮) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, (৯) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, (১০) পররাষ্ট্র মন্ত্রণালয়, (১১) খাদ্য মন্ত্রণালয়, (১২) বিদ্যুৎ বিভাগ এবং (১৩) জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ | স্থানঃ- শিল্পকলা একাডেমী ও মৎস্য ভবন সংলগ্ন এলাকা<br>গতিপথঃ- শিল্পকলা একাডেমী - মৎস্য ভবন- কদম ফোয়ারা - প্রেস ক্লাব - পল্টন - বায়তুল মোকাররম - বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের উত্তর গেইট (মশাল গেইট ) |
| গ) | (১) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, (২) পরিবেশ ও বন মন্ত্রণালয়, (৩) অর্থ বিভাগ, (৪) অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, (৫) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, (৬) স্বাস্থ্য সেবা বিভাগ, (৭) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার বিভাগ, (৮) জননিরাপত্তা বিভাগ, (৯) সুরক্ষা সেবা বিভাগ, (১০) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, (১১) তথ্য মন্ত্রণালয়, (১২) বস্ত্র ও পাট মন্ত্রণালয়, (১৩) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, (১৪) আইন ও বিচার বিভাগ, (১৫) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ এবং (১৬) ভূমি মন্ত্রণালয় | স্থানঃ- শিশু একাডেমী ও দোয়েল চত্বর সংলগ্ন এলাকা।<br>গতিপথঃ- শিশু একাডেমী- আবদুল গণি রোড - জিপিও - বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের পশ্চিম গেইট |
| ঘ) | (১) স্থানীয় সরকার বিভাগ, (২) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, (৩) ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, (৪) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, (৫) নৌ-পরিবহন মন্ত্রণালয়, (৬) সমাজকল্যাণ মন্ত্রণালয়, (৭) পানি সম্পদ মন্ত্রণালয়, (৮) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, (৮) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, (৯) রেলপথ মন্ত্রণালয়, (১০) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং (১১) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। | স্থানঃ- সোহরাওয়ার্দী উদ্যান ও ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট সংলগ্ন এলাকা।<br>গতিপথঃ- সোহরাওয়ার্দী উদ্যান - মৎস্য ভবন- কদম ফোয়ারা -আবদুল গণি রোড- জিপিও- বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের পশ্চিম গেইট। |
| ঙ) | (১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, (২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং (৩) শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ। | স্থানঃ- ঢাকা বিশ্ববিদ্যালয় মাঠ ও সংলগ্ন এলাকা<br>গতিপথঃ- দোয়েল চত্বর - আবদুল গণি রোড-জিপিও- বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের পশ্চিম গেইট |
| চ) | (১) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | স্থানঃ- নগর ভবন<br>গতিপথঃ - নগর ভবন- গোলাপশাহ মাজার- গুলিস্থান মোড-বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের দক্ষিণ গেইট (ভাষানী |

| গ্রুপ | মন্ত্রণালয়/বিভাগের নাম | সমবেত হওয়ার স্থান ও শোভাযাত্রার গতিপথ |
|---|---|---|
| ছ) | (১) বাংলাদেশ ব্যাংকসহ অন্যান্য ব্যাংক ও সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠানসমূহ | স্থানঃ - বাংলাদেশ ব্যাংক চত্বর এলাকা<br>গতিপথঃ বাংলাদেশ ব্যাংক চত্বর-দৈনিক বাংলা মোড - বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের পূর্ব গেইট |
| জ) | (১) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | স্থানঃ- রমনা পার্কের দক্ষিণ-পূর্ব অংশ<br>গতিপথঃ- মৎস্য ভবন- কদম ফোয়ারা - প্রেস ক্লাব - পল্টন - বায়তুল মোকারম - বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের উত্তর গেইট (মশাল গেইট ) |
| ঝ) | (১) শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ | স্থানঃ শিল্প ভবন চত্বর<br>গতিপথঃ- শিল্প ভবন- বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের পূর্ব গেইট |

(৩) সেবা সপ্তাহ উপলক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে নাগরিক সুবিধা জনগণের দোড়গোড়ায় পৌছে দিতে মাঠপর্যায়ে দৃশ্যমানভাবে সেবাদান কার্যক্রম গ্রহণ করবে। বাস্তবায়নেঃ সকল মন্ত্রণালয়/বিভাগ।

(৪) প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ বিশেষ সেবা সপ্তাহ উদ্‌যাপনের লক্ষ্যে তৃণমূল পর্যায়ে সকল অধীনস্থ বিভাগকে সম্পৃক্ত করে একটি কর্মপরিকল্পনা প্রস্তুত ও বাস্তবায়ন রূপরেখা প্রণয়ন করবে এবং তা জেলা/উপজেলা/ইউনিয়ন পর্যায়ে বাস্তবায়নের ক্ষেত্রে সমন্বয় সাধন করবে। বাস্তবায়নেঃ সকল মন্ত্রণালয়/বিভাগ।

(৫) জেলা/উপজেলা ভিত্তিক বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক ও পয়েন্টে TVC, Theme Song প্রচার করবে সহজবোধ্য ভাষায় বুলেট আকারে উন্নয়নের চিত্র তুলে ধরে শহরময় রঙিন পোস্টার, লিফলেট, হ্যান্ডবিল প্রচার করতে হবে। বাস্তবায়নেঃ সকল মন্ত্রণালয়/বিভাগ।

(৬) বর্ণাঢ্য শোভাযাত্রার ৯টি পয়েন্টে এ্যাম্বুলেন্সসহ ৯টি মেডিক্যাল টিম থাকবে। মেডিক্যাল টিমসমূহ শোভাযাত্রার সাথে অগ্রসর হয়ে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের বাহিরে অবস্থান করবে। বাস্তবায়নেঃ স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার বিভাগ।

(৭) বর্ণাঢ্য শোভাযাত্রার ৯টি পয়েন্টে পানিয় জল এবং মোবাইল টয়লেটের ব্যবস্থা করতে হবে। [illegible] পানি জল ও মোবাইল টয়লেট ব্যবস্থাপনা শোভাযাত্রার সাথে অগ্রসর হয়ে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের চার[illegible] অবস্থান করবে। বাস্তবায়নেঃ ঢাকা ওয়াসা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

(৮) সেবা সপ্তাহ উদ্‌যাপনে জেলা/উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে আলোচনা, সেমিনারের আয়োজন, চিত্র প্রদর্শনী, ছবি আঁকা প্রতিযোগিতা, আনন্দ শোভাযাত্রা, সংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে। এছাড়া এলাকাভিত্তিক জনপ্রিয় খেলাধুলা, যেমনঃ নৌকা বাইচ, লাঠিখেলা, ফুটবল, কাবাডি, ক্রিকেট ইত্যাদির আয়োজন করতে হবে। বাস্তবায়নেঃ সকল মন্ত্রণালয়/বিভাগ।

(৯) তথ্য প্রযুক্তি বিষয়ক উন্নয়নে প্রদর্শনী করতে হবে। বাস্তবায়নেঃ সকল মন্ত্রণালয়/বিভাগ।

(১০) আগামী ২২ মার্চ, ২০১৮ তারিখে শোভাযাত্রায় অংশগ্রহণকারী যাতে নিরাপদে স্টেডিয়ামে প্রবেশ করতে পারে, সে লক্ষ্যে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের সকল গেইট খোলা রাখা এবং স্টেডিয়াম সংলগ্ন দোকানসমূহ বন্ধ রাখার ব্যবস্থা করতে হবে। বাস্তবায়নেঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

(১১) শহরের বিভিন্ন স্থান হতে শোভাযাত্রার ৯টি পয়েন্টে সমবেত হয়ে নির্বিঘ্নে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে প্রবেশের জন্য ট্রাফিক নিয়ন্ত্রণ ও প্রয়োজনীয় নিরাপত্তার ব্যবস্থা করতে হবে। বাস্তবায়নেঃ ঢাকা মেট্রোপলিটন পুলিশ এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ।

(১২) শোভাযাত্রা বর্ণাঢ্য ও উৎসবমুখর করা লক্ষ্যে সুসজ্জিত ট্রাক, ঘোড়ার গাড়ি, বাদকদল, শিল্পী দল, রঙ্গিন ব্যানার, পোস্টার, প্ল্যাকার্ড ব্যবহার করতে হবে। বাস্তবায়নেঃ সকল মন্ত্রণালয়/বিভাগ।

(১৩) আন্তঃমন্ত্রণালয় প্রস্তুতি সভায় উপস্থিত কর্মকর্তাগণ শোভাযাত্রা আয়োজনে স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগের ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন। বাস্তবায়নেঃ সকল মন্ত্রণালয়/বিভাগ।

(১৪) প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ তার অধীনস্থ দপ্তর/সংস্থার সাথে সভা করে স্ব-স্ব কর্মপরিকল্পনা প্রস্তুত করে তা বাস্তবায়নে ব্যবস্থা করবেন। বাস্তবায়নেঃ সকল মন্ত্রণালয়/বিভাগ।

সভাপতি "বর্ণাঢ্য শোভাযাত্রা" যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি করেন।

স্বাক্ষরিত/-
২৫/০২/২০১৮
আবদুল মালেক
সচিব
স্থানীয় সরকার বিভাগ

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০১২. ২০১৫- ৩২৯/১(১৫) তারিখঃ- ১৩ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ / ২৫ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩। মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ............ (সকল)
৫। অতিরিক্ত সচিব(সকল)/মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ।
৬। জনাব মনোয়ার আহমেদ, অতিরিক্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
৭। পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
৮। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/ রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ।
৯। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
১০। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
১২। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর সিটি কর্পোরেশন।
১৩। যুগ্মসচিব ( ), স্থানীয় সরকার বিভাগ।
১৪। উপসচিব (সিটি কর্পোরেশন-১/প্রশাসন-২), স্থানীয় সরকার বিভাগ।
১৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

২৫/০২/২০১৮
(মোঃ শহীদুল ইসলাম)
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd